



২২ জুন ২০২০

**এই পত্রটি শীঘ্রই GOV.UK-তে বিভিন্ন ফর্ম্যাট এবং ভাষায় পাওয়া যাবে। অডিও,
ব্রেইল বা বড় মুদ্রণের জন্য 0303 1239999 নম্বরে আরএনআইবি কে কল করুন।**

করোনাভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে গুরুত্বপূর্ণ পরামর্শ

শীঘ্রই ইংল্যান্ডে সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করেছেন এমন সকল লোকজনদের জন্য সরকারী পরামর্শ পরিবর্তিত হতে চলেছে। আপতত, আপনাকে অক্ষরে-অক্ষরে সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। এই পত্রটি ব্যাখ্যা করে যে নির্দেশনা কিভাবে পরিবর্তিত হচ্ছে ও তা কেন পরিবর্তিত হচ্ছে এবং আপনার জন্য পরিবর্তিত পরামর্শের মানে কী।

আমরা জানি যে আপনার এবং আপনার সঙ্গে থাকেন এমন কোন ব্যক্তির জন্য সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করা সহজ হয়নি এবং গত কয়েক মাস ধরে আপনার সহনশীলতার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাতে চাই। তবে ভাইরাসটি ব্যাপকভাবে ছড়িয়ে থাকার সময় কালে আপনার জন্য সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করা গুরুত্বপূর্ণ ছিল। সৌভাগ্যক্রমে ভাইরাসে আক্রান্ত লোকদের সংখ্যা এবং ফলে আপনার জন্য ঝুঁকি ধারাবাহিকভাবে হ্রাস হচ্ছে।

বর্তমান নির্দেশনা কী?

গত তিন মাস ধরে আপনাকে চিকিৎসাগতভাবে একজন অত্যন্ত দুর্বল ব্যক্তি হিসেবে শনাক্ত করা হয়েছে কেননা আপনার এমন একটি অন্তর্নিহিত রোগ বা স্বাস্থ্য সমস্যা আছে যার ফলে করোনাভাইরাসে (কোভিড-১৯ নামেও জ্ঞাত) আক্রান্ত হলে আপনার মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি রয়েছে। আপনাকে এখনও এইভাবে গণ্য করা হয় এবং আপনাকে অক্ষরে-অক্ষরে সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা মেনে চলার পরামর্শ দেওয়া হয়।

মহামারীর চূড়ান্ত সময়ে আপনার নিজেকে 'সুরক্ষিত' রাখার পরামর্শ দেওয়া হয়েছিল কেননা সেই সময়ে আপনার ক্ষেত্রে নিজের প্রাত্যহিক জীবন যাপনে আপনার ভাইরাসের সংস্পর্শে আসার বেশি সম্ভাবনা ছিল। প্রাথমিক সুরক্ষা পদক্ষেপ সংক্রান্ত নির্দেশনায় আপনার সব সময় বাসায় থাকার এবং কঠোরভাবে অপ্রয়োজনীয় মুখোমুখি যোগাযোগ এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়েছিল।

১ জুনে সুরক্ষা পদক্ষেপ সম্পর্কিত নির্দেশনাকে অল্প বিশ্বর কম কঠোর করা হয়েছিল এবং আমরা সুপারিশ করেছিলাম যে আপনি চাইলে দিনে একবার নিজের বাসা থেকে দূরে বহিরঙ্গনে সময় কাটাতে পারেন। এই পরিবর্তনটি বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণ ভিত্তিক ছিল যা অনুসারে ইউকেতে এই মহামারির প্রাথমিক চূড়ান্ত সময় পার হয়ে গেছে এবং সাধারণত কমিউনিটিতে সংক্রমণে আক্রান্ত কোনো ব্যক্তির সঙ্গে দেখা হওয়ার সম্ভাবনা গুরুত্বপূর্ণভাবে হ্রাস হয়ে গিয়েছিল। চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল লোকজনদেরকে দেওয়া আমাদের সমস্ত নির্দেশনার মতন এটাও পরামর্শদায়ক ছিল। অনলাইনে GOV.UK-তে বর্তমান নির্দেশনা পাওয়া যেতে পারে।

কী পরিবর্তন হচ্ছে?

মহামারির সময় কাল জুড়ে আমরা স্পষ্টভাবে প্রকাশ করেছি যে আমাদেরকে চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল লোকজনদের ক্ষেত্রে এই রোগের ঝুঁকি এবং ধীরে-ধীরে স্বাভাবিক জীবন যাপনে ফিরে আসার লাভের মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে। আমরা জানি যে সুরক্ষা পদক্ষেপ অনুসরণ করা চ্যালেঞ্জিং হয়েছে এবং মানিয়ে নিতে সময় লাগবে।

তবে সর্বশেষ বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণ দেখাচ্ছে যে ইংল্যান্ডের সমস্ত অঞ্চল জুড়ে এই রোগের প্রাদুর্ভাব ধারাবাহিকভাবে হ্রাস পাওয়া অব্যাহত রয়েছে। যদি আমাদের প্রত্যাশা অনুযায়ী এই রোগের প্রাদুর্ভাব হ্রাস হতে থাকে তাহলে **৬ জুলাই এবং ১ আগস্টের** দুটি পর্যায়ে সরকার তার সুরক্ষা পদক্ষেপ সম্পর্কিত পরামর্শকে আরও কম কঠোর করবে।

৬ জুলাই থেকে:

- যদি আপনি চান তবে আপনি ৬জন পর্যন্ত লোকের গ্রুপের সঙ্গে বহিরঙ্গনে দেখা করতে পারেন এবং এর মধ্যে বিভিন্ন পরিবার থেকে লোকজন অন্তর্ভুক্ত থাকতে পারে তবে কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রাখা গুরুত্বপূর্ণ;
- আপনার পরিবারের অন্যান্য লোকজনদের সঙ্গে আপনাকে আর সামাজিকভাবে দূরত্ব বজায় রাখতে হবে না;
- সাধারণ জনগণের মাঝে একক প্রাপ্তবয়স্ক পরিবারদেরকে (হয় একজন প্রাপ্তবয়স্ক যিনি একলা থাকছেন অথবা যিনি ১৮ বছরের চেয়ে কম বয়সী নির্ভরশীল বাচ্চাদের সঙ্গে থাকছেন) দেওয়া বিস্তৃত নির্দেশনা অনুযায়ী আপনি যদি চান তাহলে এই তারিখ থেকে আপনি একটি অন্য পরিবারের সঙ্গে একটি 'সাপোর্ট বাবল' বানাতে পারেন। সাপোর্ট বাবলে রয়েছেন এমন সকল লোকেরা সামাজিকভাবে দূরত্ব বজায় না রেখে একে অপরের বাসার মধ্যে একসঙ্গে সময় কাটাতে পারেন এবং এতে রাত্রিবেলা একে অপরের বাসায় থাকা অন্তর্ভুক্ত রয়েছে। এটি একটি ছোট পরামর্শমূলক পরিবর্তন যা প্রভাবিত লোকজনদেরকে তাদের কমিউনিটির অন্যান্যদের খানিকটা কাছে আনতে পারে। তবে, সম্প্রতি অন্যান্য সমস্ত সুরক্ষা পদক্ষেপ সংক্রান্ত পরামর্শ অপরিবর্তিত থাকবে।

আগস্ট ১ থেকে 'সুরক্ষা' পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ বিরত করা হবে। এই তারিখ থেকে, সরকার কর্তৃক আপনাকে সম্পূর্ণ সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার বদলে কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রাখার পরামর্শ দেওয়া হচ্ছে। কঠোর সামাজিক দূরত্ব বজায় রাখার মানে হল যে চাইলে আপনি আরও বেশি জায়গায় যেতে পারেন এবং আরও বেশি লোকজনদের সঙ্গে দেখা করতে পারেন তবে আপনাকে আপনার পরিবার বা সাপোর্ট বাবলের বাইরের লোকজনদের সঙ্গে যোগাযোগ কম রাখার বিষয়ে বিশেষভাবে মনোযোগ দিতে হবে।

বাস্তবে, এর মানে হল যে ১ আগস্ট থেকে আপনাকে অবহিত করা হচ্ছে যে আপনার আর সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন নেই। এর মানে হল যে **১ আগস্ট থেকে:**

- যদি আপনি বাসা থেকে কাজ না করতে পারেন তাহলে আপনি কাজে যেতে পারেন যতক্ষণ পর্যন্ত ব্যবসাটি কোভিড-নিরাপদ হয়;
- চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল বলে গণ্য করা হয় এমন সকল বাচ্চার যদি যোগ্য হয় তাহলে তারা তাদের শিক্ষা প্রদানকারী স্থানে তাদের সমবয়সী অন্যান্য বাচ্চাদের সঙ্গে ফিরে যেতে পারে। যেখানে সম্ভব বাচ্চাদেরকে ঘন-ঘন হাত ধুতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে;

- খাবার কিনতে বা মসজিদে যেতে এবং ব্যায়ামের জন্য আপনি বাইরে যেতে পারেন তবে আপনাকে কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে; এবং
- আপনার সাবধান থাকা উচিত কেননা করোনাভাইরাসে আক্রান্ত হলে এখনও আপনার মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি রয়েছে সুতরাং পরামর্শ হল যে যেক্ষেত্রে সম্ভব বাসায় থাকুন এবং যদি আপনি বাইরে যান তাহলে কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রাখার পদক্ষেপ মেনে চলুন।

৬ জুলাই এবং ১ আগস্টে এই পরিবর্তনগুলো প্রযোজ্য হলে GOV.UK-তে এই বিষয়ে আরও বিশদ নির্দেশনা প্রকাশ করা হবে।

এই পরিস্থিতির কি পর্যালোচনা করা হবে?

১ আগস্টের পরও আমরা আপনার নাম সুরক্ষা পদক্ষেপ গ্রহণকারী রোগীদের তালিকায় রাখা অব্যাহত রাখব। আগামী কয়েক মাস ধরে আমরা অব্যাহতভাবে এই ভাইরাসের উপর নজর রাখব এবং এটা যদি আবার অত্যধিক মাত্রায় ছড়তে শুরু করে তাহলে আমরা আপনাকে আবার সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করতে বলতে পারি।

আমরা প্রতিশ্রুতিবদ্ধ যে বিস্তৃত সামাজিক দূরত্ব বজায় রাখার প্রত্যেকটি পর্যালোচনায় আমরা চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল বলে গণ্য করা হয় এমন সকল লোকজনদেরকে দেওয়া পরামর্শের পর্যালোচনা করব। যদি বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণ অনুসারে সরকারকে আবার চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল বলে গণ্য করা হয় এমন সকল লোকজনদেরকে আরও কঠোর পরামর্শ দিতে হয় তাহলে এটা আপনাকে দ্রুত এবং স্পষ্টভাবে অবহিত করা হবে।

নির্দেশনা কেন পরিবর্তিত হচ্ছে?

করোনাভাইরাসে আক্রান্ত হলে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ার সর্বাধিক ঝুঁকিতে রয়েছেন এমন সকল লোকদের জন্য সরকারের নির্দেশনা সর্বদা পরামর্শমূলক ছিল এবং আমাদের কমিউনিটিতে করোনাভাইরাসের সংক্রমণ সর্বাধিক থাকার সময় এই গ্রুপের জন্য ঝুঁকির মাত্রা কতটা রয়েছে তার উপর ভিত্তি করে পরামর্শ প্রদান করা হয়েছিল। আমরা স্বীকার করি যে সকলে তাদের ব্যক্তিগত ঝুঁকির বিষয়ে আলাদা অনুভব করবেন এবং সকলের আলাদা-আলাদা অগ্রাধিকার রয়েছে - আমাদের উদ্দেশ্য হচ্ছে একটি খুবই চ্যালেঞ্জিং সময়ে আপনাকে নিজের দেখাশোনা করতে সাহায্য করা এবং সহায়তা প্রদান করা।

সরকারের সমস্ত সুরক্ষা পদক্ষেপ সম্পর্কিত সিদ্ধান্তগুলো সর্বশেষ বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণ ভিত্তিক। সর্বশেষ সাক্ষ্যপ্রমাণ প্রকাশ করে যে কমিউনিটিতে করোনাভাইরাসের সংস্পর্শে আসার সম্ভাবনা ধারাবাহিকভাবে হ্রাস হওয়া অব্যাহত রয়েছে। চার সপ্তাহ আগে ৫০০ লোকের মধ্যে একজন ব্যক্তি এই ভাইরাসে আক্রান্ত ছিলেন। গত সপ্তাহে এই সংখ্যা আরও কম ছিল এবং ১৭০০ লোকের মধ্যে থেকে একজনের চেয়ে কম এই ভাইরাসে আক্রান্ত ছিলেন। পরিণামস্বরূপ আমরা মনে করি যে সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করছেন এমন সকল লোকজনদের জন্য আমাদের পরামর্শ কম কঠোর করার জন্য এটা সঠিক সময় তবে আমরা বুঝি যে প্রাত্যহিক জীবন যাপনের রুটিনে ফিরে যেতে কিছুটা সময় লাগতে পারে।

বাসায় থাকার জন্য সহায়তা

যদি আপনি সরকার দ্বারা প্রদান করা খাবারের বাস্তু এবং ওষুধপত্রে ডেলিভারি গ্রহণ করে থাকেন তাহলে জুলাই মাসের শেষ পর্যন্ত আপনি এই সহায়তা গ্রহণ করতে থাকবেন।

এটা আপনাকে নতুন পরামর্শের জন্য প্রস্তুত হতে সময় দেবে এবং সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করার প্রোগ্রাম শুরু হওয়ার আগের সময়ের মতন আপনি আবার দোকানে যাওয়া শুরু করতে পারেন যার মধ্যে সুপারমার্কেটে যাওয়া অন্তর্ভুক্ত রয়েছে তবে আপনাকে কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রাখার পদক্ষেপ মেনে চলতে হবে। আমরা এই কথাও স্বীকার করি যে কিছু-কিছু লোকজনদের জন্য পুরানো জীবন যাপনের অভ্যাসে ফিরে যেতে খানিকটা সময় লাগবে। আমরা এই কথাও নিশ্চয়তা দিতে পারি যে সাতটা সুপারমার্কেট আপনাকে অগ্রাধিকার সুপারমার্কেট ডেলিভারি স্লটের অ্যাক্সেস প্রদান করেছে এবং যে সমস্ত লোকজন এই সহায়তা গ্রহণ করার জন্য সাইন আপ করেছেন তাদের জন্য এটা জুলাই মাসের শেষের পরেও চলতে থাকবে।

যদি আপনি এখনও এই সহায়তার জন্য রেজিস্টার না করে থাকেন তাহলে অনুগ্রহ করে GOV.UK-তে গিয়ে বা 0800 028 8327 নম্বরে কল করে ১৭ জুলাইয়ের আগে রেজিস্টার করুন যাতে আপনি সময় থাকতে এই সহায়তা গ্রহণ করতে পারেন।

সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করছেন এমন সকল লোকজনদেরকে তাদের স্থানীয় কাউন্সিল কর্তৃকও সহায়তা প্রদান করা হয়েছে। এতে নানান রকমের সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে যা আপনাকে সুরক্ষিতভাবে আপনার বাসায় থাকতে সহায়তা করেছে যেমন নিঃসঙ্গতা হ্রাস করার জন্য ফোন কল এবং বিশেষ খাদ্যের চাহিদা পূরণ করা। লোকদেরকে সমন্বয় করতে সহায়তা করার জন্য জুলাই মাসের শেষ পর্যন্ত স্থানীয় কাউন্সিল সেই সকল লোকজনদেরকে এই সহায়তা প্রদান করবে যাদের তার প্রয়োজন রয়েছে।

যদি করোনাভাইরাসের কারণে আপনার পরিস্থিতির সঙ্গে সামাল দিতে সমস্যা হয় তাহলে অনুগ্রহ করে নিম্নবর্ণিত ভিজিট করুন www.gov.uk/find-coronavirus-support. যদি আপনার কাছে ইন্টারনেট অ্যাক্সেস না থাকে তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করুন যারা আপনাকে বলতে পারবেন যে আপনি কোথায় থেকে সহায়তা পেতে পারেন।

এনএইচএস ভলান্টিয়ার রেস্পন্ডার্স

জুলাই মাসের শেষের পরও এনএইচএস ভলান্টিয়ার রেস্পন্ডার্স স্কিমের মাধ্যমে সহায়তা উপলব্ধ থাকবে। নিম্নবর্ণিত ক্ষেত্রে এনএইচএস ভলান্টিয়ার রেস্পন্ডার্স আপনাকে সহায়তা প্রদান করতে পারেন:

- কেনাকাটা বা ওষুধপত্র (যদি আপনার জন্য আপনার বন্ধুগণ এবং পরিবারের মধ্যে কেউ তা কালেক্ট করতে না পারেন) ও অন্যান্য জরুরি জিনিসপত্র কালেক্ট করা;
- নিয়মিতভাবে একটি বন্ধুত্বপূর্ণ ফোন কল যেটাকে প্রত্যেকবার একজন ভিন্ন ভলান্টিয়ার অথবা সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করেছেন এমন একজন ব্যক্তি দ্বারা প্রদান করা যেতে পারে এবং তার বেশ কয়েক সপ্তাহ ধরে যোগাযোগে থাকবেন; এবং
- মেডিকেল অ্যাপয়েন্টমেন্টে আসা-যাওয়ার জন্য পরিবহন।

সহায়তার ব্যবস্থা করার জন্য অনুগ্রহ করে সকাল ৮টা থেকে রাত ৮টার মধ্যে 0808 196 3646 নম্বরে কল করুন অথবা আপনার স্বাস্থ্য পরিষেবার পেশাদারের সঙ্গে পরিবহন সম্পর্কিত সহায়তার জন্য কথা বলুন। www.nhsvolunteerresponders.org.uk এ আরও তথ্য উপলব্ধ রয়েছে।

কাজে ফেরত যাওয়া

আপনাকে আপনার নিয়োগকর্তার সঙ্গে আপনার পরিস্থিতি নিয়ে আলোচনা করা উচিত এবং যদি আপনি বাসা থেকে কাজ না করতে পারেন তাহলে কাজে ফেরত যাওয়ার জন্য আপনাদেরকে একটি পরিকল্পনা নিয়ে সম্মত হতে হবে। আপনি যাতে অব্যাহতভাবে কাজ করতে পারেন তা নিশ্চিত করার জন্য

আপনার নিয়োগকর্তাকে কিছু সমন্বয় করতে হতে পারে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.gov.uk/access-to-work এ যান।

নিয়োগকর্তারা কিভাবে কর্মক্ষেত্রগুলোকে কোভিড-নিরাপদ বানাতে পারেন তার বিষয়ে আলাদা একটি সরকারী নির্দেশনা জারি করা হয়েছে এবং এতে সামাজিক দূরত্ব বজায় রাখার পদক্ষেপ এবং আপনার কর্মক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনার সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে।

যদি সম্প্রতি আপনি সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করেছেন এমন সকল রোগীদের তালিকায় থাকেন তাহলে আপনি হয়তো ইতিমধ্যে ডাকযোগে এই চিঠির একটি ভার্সন পেয়েছেন যার উপর আপনার নাম এবং অন্যান্য ব্যক্তিগত বিবরণ লেখা থাকবে। এই ভার্সনটিকে (যার উপর আপনার ব্যক্তিগত বিবরণ লেখা রয়েছে) আপনার নিয়োগকর্তার জন্য সাক্ষ্যপ্রমাণ হিসেবে ব্যবহার করা যেতে পারে এবং এটা প্রমাণ করে যে বিধিবদ্ধ সিক পে -এর উদ্দেশ্য সহ ৩১ জুলাই পর্যন্ত আপনি আপনার বাসার বাইরে কাজ করতে পারবেন না।

এনএইচএস পরিষেবা অ্যাক্সেস করা

আপনাকে আপনার জরুরি পরিষেবা অব্যাহতভাবে অ্যাক্সেস করা উচিত এবং যদি আপনার স্বরিত বা জরুরি পরিষেবার প্রয়োজন হয় তাহলে আপনার এনএইচএস'এর সঙ্গে যোগাযোগ করা উচিত।

যদি পরিচর্যা এবং চিকিৎসার জন্য আপনার চলমান অ্যাপয়েন্টমেন্ট নির্ধারিত করা থাকে তাহলে আপনার জিপি সার্জারি বা হাসপাতালের ক্লিনিক আপনার সঙ্গে যোগাযোগ করে সবচেয়ে উপযুক্ত ব্যবস্থার নিশ্চয়তা দেবেন।

মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সহায়তা

এই অনিশ্চিত এবং অস্বাভাবিক সময়ে উদ্বেগ বা বিষণ্ণ অনুভব করা খুবই সাধারণ কথা। পরামর্শ এবং আপনার সুস্থতার সহায়তার জন্য বিশেষভাবে পরিকল্পিত বাস্তবিক পদক্ষেপগুলোকে জানার জন্য আপনি এভরি মাইন্ড ম্যাটার্স (www.nhs.uk/oneyou/every-mind-matters) এবং GOV.UK-তে যেতে পারেন। যদি পরিস্থিতির সঙ্গে সামাল দিতে আপনার অসুবিধা হয় তাহলে একজন জিপির সঙ্গে অবিলম্বে কথা বলুন।

যদি আপনার মধ্যে করোনাভাইরাসের (কোভিড-১৯) কোন উপসর্গ দেখা দেয় (নতুন একটানা কাশি বা উচ্চ তাপমাত্রা বা স্বাদের অনুভূতি বা ঘ্রাণশক্তি লোপ হওয়া বা কোনোভাবে পরিবর্তিত হওয়া) তাহলে আপনাকে অবশ্যই বাসায় সেলফ-আইসোলেন্ট করতে হবে এবং একটি পরীক্ষার ব্যবস্থা করতে হবে যাতে সন্ধান করা যেতে পারে যে আপনার কোভিড-১৯ আছে কিনা - পরীক্ষার ব্যবস্থা করার জন্য আপনাকে এনএইচএস ওয়েবসাইটে যেতে হবে অথবা যদি আপনার ইন্টারনেট অ্যাক্সেস না থাকে তাহলে টেলিফোনের মাধ্যমে এনএইচএস 119 এর সঙ্গে যোগাযোগ করুন।

শুভেচ্ছান্তে,

ম্যাট হ্যানকক

স্বাস্থ্য এবং সোশ্যাল কেয়ার-এর রাষ্ট্র সচিব

রবার্ট জেনরিক

হাউজিং, কমিউনিটি এবং স্থানীয়
সরকারের রাষ্ট্র সচিব

জেনরিক